126

তারিখ ... 0 6 AUG 1997 ...
পৃষ্ঠা ৪৫ কলাম ৫......

দৈনিক জনকণ্ঠ

## চট্টগ্রাম ভার্সিটিতে ছাত্র ধর্মঘট পালিত

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা॥** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একটি তথাকথিত ছাত্র সংগঠনের আহ্বানে মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট পালিত হয়। ধর্মঘট চলাকালে বিশ্ববিদ্যালয়ের ১নং গেটে ব্যারিকেডসহ রেলস্টেশন সংলগ্ন মূল ফটকে এবং একাডেমিক ও প্রশাসনিক ভবনসমূহে তালা লাগিয়ে দেয়া হয়। ফলে বিশ্ববিদ্যালয়ে কোন যানবাহন চলাচল করতে পারেনি। প্রশাসনিক কাজকর্ম বন্ধ ছিল। ক্লাস এবং পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হয়নি। একদল ছাত্র বটতলী স্টেশনে বিশ্ববিদ্যালয়ের শাটল ট্রেন বন্ধ করে দেয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্র পরিষদ নামে একটি তথাকথিত সংগঠন ৪ দফা দাবি আদায়ে মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ে আকস্মিক ছাত্র ধর্মঘট আহ্বান করে। মূলত ছাত্র ধর্মঘটের কথা থাকলেও উক্ত সংগঠনের নেতাকর্মীরা সম্পূর্ণ বিশ্ববিদ্যালয় অচল করে দেয়। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের আইন এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অনার্স পরীক্ষা ছিল। শত শত পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের ১নং গেটে বাধাপ্রাপ্ত হয়ে ফিরে আসে।